

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা  
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.০০০.২০১.২৫.০০০২.২৫.৯৬

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩  
২৬ এপ্রিল ২০২৬

বিজ্ঞপ্তি


বিষয়: বিসিএস প্রশাসন একাডেমিতে ০২ (দুই) সপ্তাহ মেয়াদে অনুষ্ঠিত ৪৭তম 'সরকারি ক্রয়-ব্যবস্থাপনা' প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস প্রশাসন একাডেমিতে ০২ (দুই) সপ্তাহ মেয়াদে ৪৭তম 'সরকারি ক্রয় ব্যবস্থাপনা' প্রশিক্ষণ কোর্স আগামী ০৩.০৫.২০২৬ খ্রি. হতে ১৪.০৫.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

০২। এমতাবস্থায়, বর্ণিত প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং তাঁর নিয়ন্ত্রণাধীন দপ্তর/ অধিদপ্তর/সংস্থা এবং মাঠ প্রশাসনের (বিভাগ ও জেলা) সংশ্লিষ্ট কর্মস্থলে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের যুগ্মসচিব/ উপসচিব/ সিনিয়র সহকারী সচিব/ সিনিয়র সহকারী কমিশনার পদমর্যাদার কর্মকর্তাগণের তথ্য নিম্নোক্ত ছক অনুযায়ী আগামী ২৮ এপ্রিল, ২০২৬ খ্রি. তারিখের মধ্যে সরাসরি/ ডি-নথিতে/ ই-মেইলে ([it2@mopa.gov.bd](mailto:it2@mopa.gov.bd)) মনোনয়ন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক

ক্রমিক	পরিচিতি নম্বর	কর্মকর্তার নাম	পদবি	কর্মস্থল	মোবাইল ফোন নম্বর	ব্যাচ



২৬-০৪-২০২৬

তারেক মোহাম্মদ জাকারিয়া  
উপসচিব

ফোন : ২২৩৩৮৯২৩৪

ইমেইল : [it2@mopa.gov.bd](mailto:it2@mopa.gov.bd)

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। সিনিয়র সচিব/সচিব (সকল).....।
- ৩। রেজিস্টার (সচিব), রেজিস্টারের দপ্তর, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি।
- ৪। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৫। বিভাগীয় কমিশনার (সকল).....।
- ৬। জেলা প্রশাসক (সকল).....।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অফিস/মাষ্টার, কপি।

